# আমার ছবির বর্ণাঢ্য আয়োজন




সিঙ্গার বাংলাদেশ লিমিটেডের সৌজন্যে চ্যানেল আইয়ে প্রচারিত চলচ্চিত্র বিষয়ক অনুষ্ঠান 'আমার ছবি' ২৫০ পর্ব প্রদর্শন উপলক্ষ্যে আলোচনা সভা এবং 'শাস্তি' ছবিটি প্রদর্শিত হল গত ৮ জুন ২০০৫ রাজধানীর বলাকা সিনেমা হলে। শফিউজ্জামান খান লোদী ও শামীম আলম দীপেনের প্রচেষ্টায় বাংলাদেশের চলচ্চিত্র ইতিহাস সংগ্রহ সংরক্ষণের নতুন উদ্যোগের স্বাক্ষর 'আমার ছবি'।


শুভেচ্ছা বক্তব্য রাখছেন কথা সাহিত্যিক রাবেয়া খাতুন


শুভেচ্ছা বক্তব্য রাখছেন অধ্যাপক আব্দুল্লাহ আবু সায়ীদ


চ্যানেল আই-এর ব্যবস্থাপনা পরিচালক ফরিদুর রেজা সাগর


ইউনিট্রেন্ড লিঃ-এর এমডি মুনীর আহম্মেদ খান

অনুষ্ঠানে বিশ্বসাহিত্য কেন্দ্রের সভাপতি অধ্যাপক আবদুল্লাহ আবু সায়ীদ বাংলাদেশের চলচ্চিত্রের সূচনা পর্বের স্মৃতি বর্ণনা করেন। তিনি বলেন, চলচ্চিত্র শিল্পকে বাঁচিয়ে রাখতে হলে নতুন আর্কাইভ প্রয়োজন। তিনি আশ্বাস দিয়ে বলেন, বিশ্বসাহিত্য কেন্দ্রে নতুন আর্কাইভ খোলা হবে যাতে আমাদের চলচ্চিত্রের বিশেষ অধ্যায় ধরে রাখা হবে। তিনি চ্যানেল আইকে 'আমার ছবি' অনুষ্ঠান প্রচারের জন্য ধন্যবাদ জ্ঞাপন করে বলেন, আমাদের চলচ্চিত্রে দুঃখ ওপরে উঠে গেছে তা থাকবে না। একদিন চলচ্চিত্রে সুবাতাস বইবে।


আমার ছবির উপস্থাপক শফিউজ্জামান খান লোদী


আমার ছবির পরিচালক শামীম আলম দীপেন

ইমপ্রেস টেলিফিল্ম লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ফরিদুর রেজা সাগর বলেন, চ্যানেল আইয়ে প্রচারিত চলচ্চিত্র বিষয়ক অনুষ্ঠান আমার ছবি ষষ্ঠ বর্ষে পদার্পণ করেছে। চলচ্চিত্রে তো বটেই, যেকোনো সাপ্তাহিক অনুষ্ঠানের ক্ষেত্রে ২৫০ পর্বে পদার্পণ বাংলাদেশে এই প্রথম। তিনি আরো বলেন, আমরা যারা চলচ্চিত্রকে ভালোবাসি তাদের এগিয়ে আসা উচিত। চলচ্চিত্র বেঁচে থাকলে বাংলাদেশও বেঁচে


ডানে চ্যানেল আই-এর ব্যবস্থাপনা পরিচালক ফরিদুর রেজা সাগর, বামে সাপ্তাহিক ২০০০-এর নির্বাহী সম্পাদক গোলাম মোর্তোজা এবং মাঝে সিমেন্স বাংলাদেশের আফতাব মাহমুদ খুরশীদ




আমার ছবির কলাকুশলীর মাঝে শুভাকাঙ্ক্ষিরা



চলচ্চিত্র পরিচালক আমজাদ হোসেন



চলচ্চিত্র পরিচালক মোর্শেদুল ইসলাম



দর্শকদের কাছে আমার ছবির ২৫০ পর্ব পুর্তি আয়োজনের পুরোটাই ছিল আকর্ষনীয়

থাকবে।

শফিউজ্জামান খান লোদী বলেন, ৬ আগস্ট ১৯৫৬ আমাদের চলচ্চিত্রের জন্ম। ২৫০ পর্বে যা করেছি তা দেশ ও জাতির জন্য। অনেকে সাক্ষাৎকার দিতে অনীহা প্রকাশ করেন। তাদের অনুরোধ করি, আপনারা সাক্ষাৎকার দিয়ে পরবর্তী প্রজন্মকে সুস্থ ধারার ছবি নির্মাণে উৎসাহিত করুন।



চলচ্চিত্র পরিচালক শিবলী সাদিক



মধুমিতা গ্রুপের এমডি ইফতেখার উদ্দিন নওশাদ



সাংবাদিক আহমেদ জামান চৌধুরী



অভিনেতা ইলিয়াস কাঞ্চন

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে আরো বক্তব্য রাখেন কথাসাহিত্যিক রাবেয়া খাতুন, চলচ্চিত্র পরিচালক আমজাদ হোসেন, শিবলী সাদিক, সোহানুর রহমান সোহান, চলচ্চিত্র অভিনেতা ইলিয়াস কাঞ্চন, ইফতেখার হোসেন, ইফতেখার উদ্দিন নওশাদ, মোর্শেদুল ইসলাম, আহমেদ জামান চৌধুরী, সুবল দাস, রফিকুজ্জামান, আব্দুর রহমান, মুনীর আহমেদ খান, শামীম আলম দীপেন প্রমুখ। অনুষ্ঠানের দ্বিতীয়ার্ধে 'শাস্তি' ছবিটি প্রদর্শিত হয়।

**ছবি : সালাহ উদ্দিন টিটু**

# প্রতিভার সন্ধানে এটিএন

৯ জুন সোনারগাঁও হোটেলের বল রুমে আনুষ্ঠানিকভাবে ঘোষণা দেয়া হলো 'এটিএন তারকা ' সংগীত ও অভিনয়-এ প্রতিভা অন্বেষণে প্রতিযোগীতামূলক অনুষ্ঠানের। অনুষ্ঠানটির জন্য দেশব্যাপী ১৭টি বৃহত্তর জেলা থেকে সংগীত এবং অভিনয়ের প্রতিযোগী বাছাই করা হবে। এই প্রতিযোগীতা অনুষ্ঠান এটিএন বাংলা ধারন করে পরবর্তীতে জেলাভিত্তিক অনুষ্ঠান হিসাবে সম্প্রচার করবে। প্রতিযোগীতায় যিনি এটিএন সংগীত তারকা হবেন তাকে এটিএন মিউজিক প্রমোট করবে। প্রমোট করার ক্ষেত্রে বছরব্যাপী একাধীক একক গানের অ্যালবামের ডিভিডি দেশ ও বিদেশের বাজারে ছাড়া হবে। এটিএন তারকা ছাড়াও প্রথম ৭ জন বিজয়ীকে প্রয়োজনীয় সুযোগ দেয়ার ঘোষণা দেয়া হয়। অভিনয়ে বিজয়ী এটিএন তারকাকে এটিএন বাংলা প্রমোট করবে। বিজয়ী প্রথম তিন জনকে দিয়ে বছরব্যাপী একাধীক পূর্নদৈর্ঘ্য ছবিতে অভিনয় করানো হবে। এছাড়াও নাটক এবং মেগাসিরিয়ালে অভিনয় করানো হবে। অন্য প্রথম ৭ জন বিজয়ীকে প্রয়জোনীয় সুযোগ দেয়া হবে। প্রতিযোগীরা ১৬ বছরের উর্ধে যে কোন নাগরিক এই প্রতিযোগীতায় অংশগ্রহন করতে পারবেন। এজন্য প্রতিযোগীকে অবশ্য রেজিস্ট্রেশন করতে হবে। এস এম এস , ফোন এবং ওয়েব সাইটের মাধ্যমে রেজিস্ট্রেশন করা যাবে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এটিএন বাংলার চেয়ারম্যান মাহফুজুর রহমান,প্রধান উপদেষ্টা সাইফুল বারী সহ অনেকে।

# নতুন কুঁড়িতে গণসঙ্গীত



ফকির আলমগীর

নতুন কুঁড়ি অনুষ্ঠানে সঙ্গীতের বিভিন্ন শাখার সঙ্গে গণসঙ্গীত অন্তর্ভুক্তির লিখিত দাবি জানিয়েছেন গণসঙ্গীত শিল্পী ফকির আলমগীর। লিখিত বক্তব্যে তিনি বলেন, 'শিশু-কিশোরদের প্রতিভা বিকাশে নতুন কুঁড়ি প্রতিযোগিতা একটি বিশেষ অবদান রাখছে। কিন্তু দুঃখের বিষয় সঙ্গীতের বিভিন্ন শাখা যেমন রবীন্দ্র সঙ্গীত, নজরুলগীতি, পল্লীগীতিসহ বিভিন্ন মাধ্যম অন্তর্ভুক্ত হলেও গণসঙ্গীত এখনো অন্তর্ভুক্ত হয়নি। যে কারণে গণসংগীত রয়েছে উপেক্ষিত। আমাদের ভাষা আন্দোলন থেকে শুরু করে স্বৈরাচার আর মৌলবাদ বিরোধী আন্দোলনেও গণসঙ্গীত রেখেছে বিশেষ ভূমিকা। তাই আগামী দিনে গণসঙ্গীত চর্চায় নতুন উদ্দীপনা সঞ্চারের লক্ষ্যে বাংলাদেশ টেলিভিশন আয়োজিত নতুন কুঁড়ি প্রতিযোগিতার তালিকায় গণসঙ্গীতকে অন্তর্ভুক্ত করা হোক। এতে করে তৈরি হবে অসংখ্য নতুন গণসঙ্গীত।'

**রুহুল তাপস, তাজউদ্দিন উল্লাস**

## এ সপ্তাহের ঢাকা

- **বিশ্বসাহিত্য কেন্দ্র :** বিশ্বসাহিত্য কেন্দ্রে বিশেষ চলচ্চিত্র প্রদর্শনীতে যেসব ছবি দেখানো হবে-

| তারিখ ও সময় | ছবির নাম |
|---|---|
| ১৬ জুন সন্ধ্যা ৬টা | এয়ার ফোর্স ওয়ান |
| ১৭ জুন সন্ধ্যা ৬টা | উইনস অব ডিজার |
| ১৯ জুন সন্ধ্যা ৬টা | সিডার্থ |
| ২০ জুন সন্ধ্যা ৬টা | পিয়ট লি ফো |
| ২১ জুন সন্ধ্যা ৬টা | ওপেন ইয়োর আইস |

- **গ্যাটে ইনস্টিটিউট :** গ্যাটে ইনস্টিটিউটের অডিটোরিয়ামে দেখানো হবে যেসব ছবি-

| তারিখ ও সময় | ছবির নাম |
|---|---|
| ২০ জুন বিকাল ৩টা | ট্রি বটলস্ অব টোকি |
| ২০ জুন বিকাল ৪টা ৪৫ মি. | দ্য ডুয়েল |
| ২০ জুন সন্ধ্যা ৬টা ৩০ মি. | ডেথ ইন দ্য চ্যাফট্ কাটর |
| ২১ জুন বিকাল ৩টা | টেনারস্ নিউ জব |
| ২১ জুন বিকাল ৪টা ৪৫ মি. | ম্যানিলা |
| ২১ জুন সন্ধ্যা ৬টা ৩০ মি. | এ ফ্যাটাল ফ্লাটেল |

- **বেঙ্গল শিল্পালয় :** ধানমন্ডির বেঙ্গল শিল্পায়নে শুরু হয়েছে বিকেএস ইনানের 'সুন্দরবন নিঃশব্দের ধ্বনি' শিরোনামের আলোকচিত্র প্রদর্শনী। এ প্রদর্শনীর প্রধান অতিথি ছিলেন ইটালির রাষ্ট্রদূত পিয়োত্রো ব্যালেরো আর বিশেষ অতিথি ছিলেন অর্থনীতিবিদ ড. আতিউর রহমান। প্রদর্শনীতে স্থান পেয়েছে শিল্পীর ২৬টি শিল্পকর্ম। প্রদর্শনী চলবে ১৮ জুন পর্যন্ত প্রতিদিন দুপুর ১২টা থেকে রাত ৮টা পর্যন্ত।
- **মহিলা সমিতি :** ১৫ জুন সন্ধ্যায় বেইলী রোডের মহিলা সমিতিতে মঞ্চস্থ হবে রতন সিদ্দিকীর রচনা এবং আজাদ আবুল কালামের নির্দেশনায় নাটক 'উদীচীর যৌবন্তি'। **শিল্পকলা একাডেমী :** ১৫ জুন সন্ধ্যায় শিল্পকলা একাডেমীর এক্সপেরিমেন্টাল থিয়েটার হলে মঞ্চস্থ হবে নাট্যতীর্থ প্রযোজিত নাটক 'কমলা সুন্দরী'।
- **শিল্পরাগ গ্যালারি :** ৩ জুন থেকে ধানমন্ডির শিল্পরাগ গ্যালারিতে শুরু হয়েছে ১০১ জন শিল্পীর 'মিনিয়েচার আর্ট' শিরোনামের প্রদর্শনী। প্রদর্শনীতে পেইন্টিং, সিরামিক, স্কাল্পচারসহ বিভিন্ন মাধ্যমের ২০০টি শিল্পকর্ম স্থান পেয়েছে। প্রদর্শনী চলবে ৩০ জুন পর্যন্ত প্রতিদিন বেলা ১১টা ৩০ মিনিট থেকে দুপুর ২টা এবং বিকেল ৪টা ৩০ মিনিট থেকে রাত ৯টা।

## ভিসিডি অডিও

**উড়ে যায় বকপক্ষী :** হুমায়ূন আহমেদের ধারাবাহিক নাটক 'উড়ে যায় বকপক্ষী'র বেশ কয়েকটি এপিসোডে অভিনয় করেছেন রিয়াজ, শাওন, স্বাধীন খসরু, মাসুম আজিজ, ফারুক আহমেদ প্রমুখ।

**প্যাকেজ সংবাদ :** লেজার ভিশন বাজারে এনেছে হুমায়ূন আহমেদের রচনা এবং শামীমা নাজনীনের পরিচালনায় নাটক 'প্যাকেজ সংবাদ'। অভিনয়ে জাহিদ হাসান, শমী কায়সার, তারিন, আব্দুল কাদের প্রমুখ।

**রঙের মানুষ :** মেগাসিরিয়াল 'রঙের মানুষ' এখন পাওয়া যাচ্ছে ভিসিডিতে। মাসুম রেজা রচিত এবং সালাউদ্দিন লাভলু পরিচালিত এতে অভিনয় করেছেন সালাউদ্দিন লাভলু, তানিয়া আহমেদ, বন্যা মির্জা, অনু চৌধুরী প্রমুখ। এটি বাজারে এনেছে জি-সিরিজ।

**দীপু নাম্বার টু :** মুহম্মদ জাফর ইকবালের কিশোর উপন্যাস অবলম্বনে মোরশেদুল ইসলাম পরিচালিত ছবি 'দীপু নাম্বার টু' এখন বাজারে। ইমপ্রেস টেলিফিল্মের প্রযোজনায় ছবিটি পরিবেশন করেছে জি-সিরিজ। অভিনয়ে- ববিতা, বুলবুল আহমেদ, আবুল খায়ের, শুভাশীষ, অরুণ প্রমুখ।

**নীতু তোমাকে ভালোবাসী :** লেজার ভিশনের পরিবেশনায় 'নীতু তোমাকে ভালোবাসী' টেলিফিল্মটির দুটি পর্বই এখন বাজারে। হুমায়ূন আহমেদের টেলিফিল্মটিতে অভিনয় করেছেন- জাহিদ হাসান, শমী কায়সার, মাহফুজ আহমেদ, হুমায়ূন ফরীদি প্রমুখ।

**আগন্তুক-৩ :** জি-সিরিজ বাজারে এনেছে অডিও অ্যালবাম 'আগন্তুক-৩'। ব্যান্ড মিক্সড অ্যালবামে রয়েছে অর্থহীন, ব্ল্যাক, আর্টসেল, আসরসহ বেশ কয়েকটি ব্যান্ডদল। গানের কথা হলো ইতিহাস, অনাদরের সন্তান, অভিনয়, মৃত্যু, ধোঁয়ার মাঝে প্রভৃতি।